গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৯৫০

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮
০৮ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য রেল, সড়ক ও নৌপথে মোট ৫৮২০ মে.টন গমের চলাচলসূচি**

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর ০৬/০৯/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৪২২.৫০.০০৫.২১.৭৩২ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ০৭/০৯/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.২১০৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ ও বরিশাল বিভাগের কতিপয় এলএসডি/সিএসডিতে সেপ্টেম্বর/২১ ও অক্টোবর'২১ মাসে ইপি, ওপি, ওএমএস খাতে বিলি-বিতরণের জন্য গমের চাহিদা সূত্রস্থ স্মারকে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ময়মনসিংহ ও বরিশাল বিভাগের কতিপয় এলএসডি/সিএসডিতে ইপি, ওপি, ওএমএস খাতে বিলি-বিতরণ এবং তেজগাঁও সিএসডি গমের মজুত গড়ার জন্য সাশ্রয়ী রুট বিবেচনায় রেল, সড়ক ও নৌপথে মোট ৫৮২০ মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

রেল পথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | ঠিকাদারি প্রতিষ্ঠান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | সান্তাহার সাইলো | ঢাকা | তেজগাঁও সিএসডি | ২৫৫০ | সংগৃহীত গম'২১ | রেল পথ | মে/রিমি এন্টারপ্রাইজ | |
| | | | মোট = | ২৫৫০ | | | | |

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পাবনা | মুলাডুলি সিএসডি | নেত্রকোনা | নেত্রকোনা এলএসডি | ১০০ | সংগৃহীত গম'২১ | সড়ক পথ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | ঐ | শেরপুর | শেরপুর গ্রেড-১ এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | জামালপুর | সরিষাবাড়ী এলএসডি | ১২০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | ময়মনসিংহ | ময়মনসিংহ সিএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | ঐ | মুক্তাগাছা এলএসডি | ৪৫০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ১৪৭০ | | | |

নৌপথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | মোংলা সাইলো | বরিশাল | বরিশাল এলএসডি | ১২০০ | বস্তাবন্দি গম | নৌ পথ | চসনি, খুলনা উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | পিরোজপুর | পিরোজপুর এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট = | ১৮০০ | | | |
| | | | সর্বমোট = | ৫৮২০ | | | |

**নির্দেশনাসমূহ:**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, সান্তাহার ও মোংলা সাইলো এবং ব্যবস্থাপক, মুলাডুলি সিএসডি প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করাবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ১৫/০৯/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।



৮-৯-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

৩) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট

৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

৫) ব্যবস্থাপক, মুলাডুলি সিএসডি, পাবনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৯৫০/১(১০)

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮
০৮ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) বেগম সুরাইয়া খাতুন, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ

৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ...............................

১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা .................................., এলএসডি



৮-৯-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক